



খালেদা জিয়ার শোক দলীয় স্বার্থে নয়, জাতি গঠনে লাগাতে চায়: সালাহউদ্দিন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে সৃষ্ট শোককে দলীয় স্বার্থে ব্যবহারের মানসিকতা বিএনপির নেই। এই শোককে শক্তিতে রূপান্তর করে গণতন্ত্র পুনরুদ্ধার ও জাতি গঠনের কাজে লাগানোই দলের লক্ষ্য।

বৃহস্পতিবার (১ জানুয়ারি) দুপুরে জিয়া উদ্যানে খালেদা জিয়ার কবর জিয়ারত শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। এ সময় তিনি প্রয়াত নেত্রীর আত্মার মাগফিরাত কামনা করেন এবং দেশবাসীর প্রতি ধৈর্য ও ঐক্যের আহ্বান জানান।

সালাহউদ্দিন আহমদ বলেন, খালেদা জিয়া বর্তমানে অনুপস্থিত থাকায় তার নামে দাখিল করা মনোনয়নপত্র আইনগতভাবে বহাল থাকার সুযোগ নেই। তবে সংশ্লিষ্ট আসনে বিএনপির বিকল্প প্রার্থীরা প্রস্তুত রয়েছেন। যাচাই-বাছাই শেষে যারা নির্বাচনী বিধি অনুযায়ী চূড়ান্ত হবেন, তাদেরই দলীয় মনোনয়ন দেওয়া হবে।

নির্বাচন পেছানোর সম্ভাবনা নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি স্পষ্ট করে বলেন, বর্তমান পর্যায়ে নির্বাচন স্থগিত করার মতো কোনো আইনগত অবকাশ নেই। মনোনয়ন যাচাই ও প্রতীক বরাদ্দের পর এমন সিদ্ধান্ত নিলে জটিলতা তৈরি হতে পারত, কিন্তু এখন সে অবস্থা নেই।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রসঙ্গে এই সিনিয়র নেতা বলেন, তারেক রহমান একজন প্রতিষ্ঠিত রাজনৈতিক ব্যক্তিত্ব এবং দলের নেতৃত্বে তার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় স্বার্থে তাকে মানসিকভাবে দৃঢ় থাকতে হবে এবং গণতান্ত্রিক আন্দোলনে নেতৃত্ব দেওয়ার প্রস্তুতি অব্যাহত রাখতে হবে।

তিনি আরও জানান, আপাতত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের কোনো আনুষ্ঠানিক কর্মসূচি নির্ধারিত হয়নি। তবে শিগগিরই দলীয়ভাবে ভবিষ্যৎ কর্মপন্থা নিয়ে সিদ্ধান্ত জানানো হবে বলে ইঙ্গিত দেন তিনি।